বাণিজ্য মন্ত্রণালয় এর আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃনং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বাণিজ্য মন্ত্রণালয়	০১	০১	০০	০০	০১	০১	৩.৩৮%	০১	২৩.৪৩%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ০১

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তনের ফলেও প্রকল্প ব্যয় বেড়ে যায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.১ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.২ কাজের গুণগতমান সংক্রান্ত।	৩.২.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষ্যতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.২.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৩ পিসিআর প্রেরণে বিলম্ব।	৩.৩ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

কাওরান বাজারস্থ টিসিবি ভবনের ৯ম-১০ম তলা নির্মাণ
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত ঃ ডিসেম্বর, ২০১৩ইং)

১।	**প্রকল্পের নাম**	ঃ	**কাওরান বাজারস্থ টিসিবি ভবনের ৯ম-১০ম তলা নির্মাণ**
২।	**প্রকল্পের অবস্থান**	ঃ	কাওরান বাজার, ঢাকা
৩।	**প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ**	ঃ	বাণিজ্য মন্ত্রণালয়
৪।	**বাস্তবায়নকারী সংস্থা**	ঃ	টিসিবি
৫।	**প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়**	ঃ	

(লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয়**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়ন কাল**	**অতিক্রান্ত ব্যয়** (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	**অতিক্রান্ত সময়** (মূল বাস্তবায়ন কালের %)
মূল	**সর্বশেষ সংশোধিত**		**মূল**	**সর্বশেষ সংশোধিত**			
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**	**৮**
৬৫৩.৯০	**৬৮৪.৩৩**	**৬৭৮.০০**	নভেম্বর, ২০১১ হতে ডিসেম্বর ২০১২ (১৪মাস)	নভেম্বর, ২০১১ হতে মার্চ ২০১৩ (১৭ মাস)	নভেম্বর, ২০১১ হতে মার্চ ২০১৩ (১৭ মাস)	+২৪.১০ (৩.৬৮%)	৩ মাস (২১.৪৩%)

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন** ঃ

প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের সংস্থান এবং PCR এ প্রদর্শিত প্রাপ্ত তথ্যানুযায়ী ডিসেম্বর, ২০১৩ সময় পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (আর্থিক ও বাস্তব) বিবরণ নীচের সারণীতে প্রদর্শিত হলো ঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	**একক**	**ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা**		**প্রকৃত বাস্তবায়ন**	
		বাস্তব	**আর্থিক**	**বাস্তব (%)**	**আর্থিক (%)**
রাজস্ব অংশ	-	-	-	-	-
আপ্যায়ন	-	-	০.৫০	-	-
বিবিধ	-	-	০.৫০	-	-
সরবরাহ সেবা	-	-	১.০০	-	-
মূলধন অংশ	-	-	-	-	-
নির্মাণ ব্যয়	বর্গমিটার	৩৩৮৮	৫৯৮.৯৬	৩৩৮৮ (১০০.০০)	৫৯৫.১২ (৯৯.৫১)

পানি এবং স্যানিটারী	থোক	থোক	১৪.৪৫	থোক	১৪.৪৫ (১০০.০০)
বৈদুতিক কাজ	থোক	থোক	৩১.৩০	থোক	৩০.৮১ (৯৮.৪৩)
লিফট	সংখ্যা	১	৩৫.২২	১ (১০০.০০)	৩৫.২২ (১০০.০০)
বিদ্যমান লিফটের উর্দ্ধমূখী সম্প্রসারণ	”	২	২.৪০	২ (১০০.০০)	২.৪০ (১০০.০০)
মোট =	-	-	**৬৮৪.৩৩**	-	**৬৭৮.০০ (৯৯.০৭)**

৭। **<u>প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ</u> ঃ** প্রযোজ্য নয়।

৮। <u>প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি</u>

আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নলিখিত বিষয়/পদ্ধতি অনুসৃত হয়েছেঃ

- ✓ প্রকল্পের আরডিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন' এর তথ্য পর্যালোচনা;
- ✓ প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের নিমিত্ত সরেজমিন পরিদর্শন; এবং
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পর্যালোচনা।

৯। **<u>সাধারণ পর্যবেক্ষণ</u> ঃ** টিসিবি'র স্ব-অর্থায়নে প্রকল্পটির সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৬৮২.৩৩ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ৬৭৮.০০ লক্ষ টাকা যা মোট ব্যয়ের ৯৯.০৭%।

৯.১ <u>প্রকল্পের পটভূমি</u> ঃ

ঢাকাস্থ কাওরান বাজারে টিসিবি'র মূল অফিস অবস্থিত। ১৯৮৩-৮৪ সালে কাওরান বাজারে টিসিবি'র জন্য ১৫ তলার ভিত্তিসহ ১ বিঘা ১৬ কাঠা জমির উপর ৬৪০.২৫ লক্ষ টাকা ব্যয়ে ৩ তলাবিশিষ্ট হেড অফিস নির্মাণ করে। কর্পোরেশনটি মে, ১৯৮৪ সাল হতে এই ভবনে কার্যক্রম শুরু করে। টিসিবি ১৯৯৬-৯৭ সালে ভবনটির ৪র্থ তলা ১২৭.৭৭ লক্ষ টাকা ব্যয়ে এবং ১৯৯৮-২০০০ সালে ৩০৫.০০ লক্ষ টাকা ব্যয়ে ৫ম ও ৬ষ্ঠ তলার নির্মাণ কাজ শেষ করে। অতঃপর ২০০৬-২০০৯ সালে টিসিবি ভবনের ৭ম ও ৮ ম তলার নির্মাণ কাজ সম্পাদন করা হয়।

যেহেতু ভবনের ভিত্তি নির্মানের জন্য প্রচুর অর্থ ব্যয় করা হয়েছিল, সেহেতু টিসিবি ধাপে ধাপে ভবনটির ১৫ তলা পর্যন্ত নির্মাণ করা যুক্তিযুক্ত বলে মনে করে। এ কারণে টিসিবি পিডব্লিউডি রেট সিডিউল ২০০৮ অনুসারে ৬৫৩.৯০ লক্ষ টাকা ব্যয়ে ভবনটির ৯ম ও ১০ম তলার নির্মাণ কাজের প্রাক্কলন প্রস্তুত করে।

টিসিবি নির্মিত ১০ তলা ভবনটির শুধুমাত্র ৩য় তলা নিজ কাজে ব্যবহার করছে। অন্যান্য তলাসমূহ বিভিন্ন সরকারী, আধাসরকারী এবং প্রাইভেট প্রতিষ্ঠানের নিকট রাজস্ব আয়ের লক্ষ্যে ভাড়া প্রদান করছে। টিসিবি ভবনের প্রাস্তাবিত ৯ম ও ১০ম তলার নির্মাণ কাজ শেষ হলে টিসিবি'র জন্য অতিরিক্ত ৩৬,৪৪৫৬ বর্গফুট বা ৩৩৮৮ বর্গমিটার অফিস স্পেস তৈরী হবে যা ভাড়া প্রদানের মাধ্যমে টিসিবি আর্থিকভাবে লাভবান হবে। সে লক্ষ্যে নিজস্ব-অর্থায়নে প্রকল্প গ্রহণের মাধ্যমে তলার সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে।

৯.২ <u>প্রকল্পের উদ্দেশ্য</u> ঃ

টিসিবি'র জন্য অতিরিক্ত ৩৬৪৫৬ বর্গফুট বা ৩৩৮৮ বর্গমিটার অফিস স্পেস তৈরী করা যে স্পেস অন্যান্য প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করে টিসিবি রাজস্ব আয় করবে।

৯.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন অবস্থা** ঃ

মূল প্রকল্পটি গত ২৯/১১/২০১১ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রাক্কলিত ব্যয় এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করে গত ২৯/১০/২০১২ প্রকল্পটির সংশোধন প্রস্তাব অনুমোদন করা হয়।

৯.৪ **প্রকল্পের অর্থায়ন** ঃ প্রকল্পটি সম্পূর্ণ টিসিবি'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৯.৪.১ **প্রকল্পের পরিদর্শন পর্যবেক্ষণঃ**

গত ০৫/১১/২০১৪ তারিখে সহকারী পরিচালক, আইএমইডি প্রকল্পের আওতায় নবনির্মিত ৯ম ও ১০ম তলা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালকসহ সংশিস্নষ্ট কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। এ প্রকল্পের মাধ্যমে টিসিবি ভবনের অতিরিক্ত দু'টি তলা অর্থাৎ ৯ম ও ১০ম তলা নির্মাণ করে সেগুলো সরকারী, আধা-সররকারী এবং প্রাইভেট অফিস এর জন্য ভাড়া দেয়া হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, যে সমস্ত অফিস-কে ভাড়া দেয়া হয়েছে তারা নিজেদের মত করে ভবনের ভিতরের অংশ ডেকরেশন করছে। এভাবে স্ব-অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের মাধ্যমে ভবনের তলা বৃদ্ধি করলে টিসিবি'র রাজস্ব আয়ে কিরূপ ফলাফল পাওয়া যাবে এমন প্রশ্নের জবাবে প্রকল্প পরিচালক জানান যে, এ এলাকায় অফিস ভাড়ার প্রচুর চাহিদা রয়েছে এবং তলাগুলি তৈরীর পর পরই তা ভাড়া দিতে খুবই কম সময় ব্যয় হচেছ ও রাজস্ব আয়ের মাধ্যমে সুফল পাওয়া যাচ্ছে।

নিম্নে : প্রকল্প অফিস ও বিভিন্ন যন্ত্রপাতির ছবি দেয়া হলঃ

নির্মিত ৯ম ও ১০ তলা সহ টিসিবি ভবন



নবনির্মিত ৯ম-১০ম তলার একাংশের চিত্র



নবনির্মিত তলার ভিতরের সিঁড়ি অংশ



নবনির্মিত তলার ভিতরের অংশ



৯.৪.২ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে নীচে প্রকল্পের ডিপিপিতে সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ, অবমুক্ত, বাৎসরিক ব্যয় এবং বাস্তব অগ্রগতি প্রদর্শন করা হলো ঃ

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্ত	ব্যয়	বাস্তব অগ্রগতি
২০১১-২০১২	৩০০.০০	৩০০.০০	৩০০.০০	৪৪%
২০১২-২০১৩	৩৮৪.৩৩	৩৮৪.৩৩	৩৭৮.০০	৫৬%
মোট =	**৬৮৪.৩৩**	**৬৮৪.৩৩**	**৬৭৮.০০**	**১০০%**

ছকটি পর্যালোচনা করে দেখা যায় যে, সংশোধিত এডিপি'তে বরাদ্দ ছিল ৬৮৪.৩৩ লক্ষ টাকা এবং বিগত ০২ বছরে অর্থ অবমুক্ত করা হয়েছে ৬৮৪.৩৩ লক্ষ টাকা, এর মধ্যে ব্যয় করা হয়েছে ৬৭৮.০০ লক্ষ টাকা। অব্যয়িত রয়েছে ৬.৩৩ লক্ষ টাকা। অব্যয়িত অর্থ টিসিবি'র নিজস্ব কোষাগারে জমা দেয়া হয়েছে।

৯.৫ প্রকল্পের ব্যবস্থাপনা ঃ

প্রকল্প পরিচালকের নাম	কার্যকাল		মন্তব্য
	নিয়োগের তারিখ	বদলির তারিখ	
১	২	৩	৫
জনাব মোঃ রফিকুল ইসলাম উপ-সচিব	০৮/২/২০১২	-	-

১০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
টিসিবি'র জন্য অতিরিক্ত ৩৬৪৫৬ বর্গফুট বা ৩৩৮৮ বর্গমিটার অফিস স্পেস তৈরী করা যে স্পেস অন্যান্য প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করে টিসিবি রাজস্ব আয় করবে।	টিসিবি'র জন্য অতিরিক্ত ৩৬৪৫৬ বর্গফুট বা ৩৩৮৮ বর্গমিটার অফিস স্পেস তৈরী করা হয়েছে এবং সে স্পেস অন্যান্য প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করে টিসিবি রাজস্ব আয় বাড়ানো হয়েছে।

১১। **উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** প্রয়োজ্য নয়।

১২। **প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:**

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের মাধ্যমে প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজটি পিপিএ ২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা হয়।

১৩। **সমস্যা** ঃ

১৩.১ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) ঃ মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ০৩ মাস সময় বেশি ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেড়্গা ৩ মাস বেশী । ১ বছরে বাস্ত্মবায়নের জন্য নির্ধারিত প্রকল্প ২৫% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৪। **সুপারিশ** ঃ

১৪.১ প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো র সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে;

১৪.২ ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় বা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেষ্ট থাকবে হবে (অনুচ্ছেদ-১৩.১) ;

১৪.৩ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী (অনুচ্ছেদ ১৪.১-১৪.২ পর্যন্ত) গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।